



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
সরিষাবাড়ী, জামালপুর।

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব জেলি আক্তার  
উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা)  
উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

সভার স্থান: উপজেলা পরিষদ হলরুম, সরিষাবাড়ী, জামালপুর  
তারিখ: ১০.০৯.২০২৩ খ্রি:  
সময়: সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ: (হাজিরা মোতাবেক)

ক্র:নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব জেলি আক্তার ভাইস চেয়ারম্যান(মহিলা) উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর	সভাপতি	স্বাক্ষরিত 
০২	জনাব আশরাফুল আলম চেয়ারম্যান, পোগলদিঘা ইউনিয়ন সরিষাবাড়ী, জামালপুর	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব মো: বোরহান উদ্দিন বাদল চেয়ারম্যান, ভাটারা ইউনিয়ন সরিষাবাড়ী, জামালপুর	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব নজরুল ইসলাম চেয়ারম্যান, পিংনা ইউনিয়ন সরিষাবাড়ী, জামালপুর	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব অনুপ সিংহ উপজেলা কৃষি অফিসার সরিষাবাড়ী, জামালপুর	সদস্য সচিব	স্বাক্ষরিত 


সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসারকে আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচী ১: পতিত জমিতে সরিষার আবাদ বৃদ্ধিতে বীজ সরবরাহ এবং চাষাবাদের জন্য পাওয়ার টিলার ও এলএলপি সরবরাহ

উপজেলা কৃষি অফিসার সভায় জানান, আগামী রবি মৌসুমে তেল জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এবং পতিত জমি ব্যবহার নিশ্চিত করা লক্ষ্যে বিভিন্ন ইউনিয়নে কৃষক পর্যায়ে উচ্চফলনশীল সরিষার বীজ, চাষাবাদের সুবিধার জন্য পাওয়ার টিলার এবং সেচ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এলএলপি স্থাপন করার লক্ষ্যে বরাদ্দ প্রদানের জন্য উপজেলা পরিষদে প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। তেল জাতীয় ফসলের আবাদ বৃদ্ধির মাধ্যমে কৃষকের অর্থনৈতিক উন্নতি সাধিত হয়। এমতাবস্থায় সঠিক সময়ে উন্নতমানের বীজ, চাষাবাদের জন্য দরিদ্র কৃষকের মাঝে পাওয়ার টিলার বিতরণ এবং যে সকল স্থানে সেচের সমস্যা রয়েছে সেসকল স্থানের ভূউপরস্থ পানি ব্যবহারের জন্য এলএলপি স্থাপন প্রয়োজন। এর মাধ্যমে কৃষক অর্থনৈতিকভাবে লাভবান হবেন এবং ভোজ্য তেলের চাহিদাও পূরণ হবে। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:**

অসম্ভল কৃষক পর্যায়ে চাষাবাদের জন্য পাওয়ার টিলার, সেচের জন্য এলএলপি এবং তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উন্নত জাতের সরিষার বীজ বিতরণের বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা পরিষদে প্রস্তাব করা হয়।



(জেলা আন্তর)

ভাইস চেয়ারম্যান(মহিলা)

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত

কমিটি


সরিষাবাড়ী, জামালপুর।

তারিখ: ১০/০৯/২০২৩ খ্রি:

স্মারক নং ১২.০১.৩৯৮৫.০০০.০৬.০০৬.২৩-৪৫৪(১৩)

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ৩) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ৪) চেয়ারম্যান,-----ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ৫) অফিস নথি।



(অনুপ সিংহ)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত

কমিটি

সরিষাবাড়ী, জামালপুর।